

🗏 সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪: ৩৭

া আরবি মূল আয়াত:

وَ مَا اَموَالُكُم وَ لَا اَولَادُكُم بِالَّتِى تُقَرِّبُكُم عِندَنَا زُلفَى إِلَّا مَن أَمَنَ وَ عَمِلَ صَالِحًا فَأُولَئِكَ لَهُم جَزَآءُ الضِّعف بِمَا عَمِلُوا وَ هُم فِي الغُرُفْتِ عَمِلَ صَالِحًا فَأُولَئِكَ لَهُم جَزَآءُ الضِّعف بِمَا عَمِلُوا وَ هُم فِي الغُرُفْتِ أَمِنُونَ ﴿٣٧﴾

আর তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি এমন বস্তু নয় যা তোমাদেরকে আমার নিকটবর্তী করে দেবে। তবে যারা ঈমান আনে ও নেক আমল করে, তারাই তাদের আমলের বিনিময়ে পাবে বহুগুণ প্রতিদান। আর তারা (জান্নাতের) সুউচ্চ প্রাসাদে নিরাপদে থাকবে। — আল-বারান

ওটা না তোমাদের মাল-ধন, আর না তোমাদের সন্তান-সন্ততি যা তোমাদেরকে আমার নিকটবর্তী করবে। তবে যে কেউ ঈমান আনে আর সৎকাজ করে তাদেরই জন্য আছে বহুগুণ প্রতিদান তাদের কাজের জন্য। তারা সুউচ্চ প্রাসাদে নিরাপদে থাকবে। — তাইসিরুল

তোমাদের ধন সম্পদ ও সন্তান-সন্ততি এমন কিছু নয় যা তোমাদেরকে আমার নিকটবর্তী করে দিবে; যারা ঈমান আনে ও সৎ কাজ করে তারাই তাদের কর্মের জন্য পাবে বহুগুণ পুরস্কার; আর তারা প্রাসাদে নিরাপদে থাকবে।

— মুজিবুর রহমান

And it is not your wealth or your children that bring you nearer to Us in position, but it is [by being] one who has believed and done righteousness. For them there will be the double reward for what they did, and they will be in the upper chambers [of Paradise], safe [and secure]. — Sahih International

৩৭. আর তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি এমন কিছু নয় যা তোমাদেরকে মর্যাদায় আমাদের নিকটবর্তী করে দেবে; তবে যারা ঈমান আনে ও সৎকাজ করে, তারাই তাদের কাজের জন্য পাবে বহুগুণ প্রতিদান; আর তারা সুউচ্চ প্রাসাদে নিরাপদে থাকবে।

তাফসীরে জাকারিয়া

- (৩৭) তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি আমার নৈকট্য লাভের সহায়ক হবে না। [1] তবে (নৈকট্য লাভ করবে) তারাই যারা বিশ্বাস করে ও সৎকাজ করে[2] এবং তারা তাদের কাজের জন্য পাবে বহুগুণ পুরস্কার। [3] আর তারা প্রাসাদসমূহে নিরাপদে বসবাস করবে।
 - [1] অর্থাৎ, এই ধন-সম্পদ এই কথার প্রমাণ নয় যে, তোমাদের সাথে আমার ভালবাসা আছে এবং আমার নিকট তোমাদের বিশেষ মর্যাদা আছে।
 - [2] অর্থাৎ, আমার ভালবাসা ও নৈকট্য লাভ করার পন্থাই হচ্ছে ঈমান ও নেক আমল। যেমন হাদীসে মহানবী (সাঃ) বলেছেন "আল্লাহ তাআলা তোমাদের আকার-আকৃতি ও ধন-সম্পদ দেখেন না; বরং তিনি তোমাদের অন্তর ও আমল দেখে থাকেন।" (মুসলিমঃ কিতাবুল বির্র)
 - [3] মহান আল্লাহ একটি নেকীর বদলা কমপক্ষে দশ গুণ এবং ঊর্ধ্বপক্ষে সাতশ' গুণ; বরং তার চেয়েও অধিক গুণ বর্ধিত করে থাকেন।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3643

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন